

বিক্রয়

তারিখ...
পৃষ্ঠা ১৭

NOV. 19 2002

সংসদে বিল উত্থাপন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অবসর সুবিধা বোর্ড হবে

সংসদ বার্তা পরিবেশক : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অবসর ভাতা ও সুবিধা দেয়ার জন্য একটি নতুন বোর্ড প্রতিষ্ঠা করা হবে। এ লক্ষ্যে সেমকো জাতীয় সংসদের অধিবেশনে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক একটি নতুন বিল উত্থাপন করেছেন।

এই বিলটি পাস হলে এর মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠা করা হবে।

এই বোর্ডের প্রধান কার্যালয় থাকবে ঢাকায় এবং পরবর্তী সময়ে দেশের অন্যান্য স্থানে এর শাখা প্রতিষ্ঠা করা হবে। বোর্ডের পরিচালনা পরিষদের চেয়ারম্যান হবেন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব। তাইস চেয়ারম্যান হবেন শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক। এছাড়া সরকার মনোনীত ১১ জন শিক্ষক ও ৩ জন কর্মচারী কারিগরি অধিদপ্তরের মহাপরিচালক, শিক্ষা মন্ত্রণালয় মনোনীত মন্ত্রণালয়ের একজন উপ-সচিব পর্যায়ের কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের কর্মকর্তা, অর্থ বিভাগের উপ-সচিব পর্যায়ের কর্মকর্তা এবং সরকার মনোনীত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের একজন পরিচালক সদস্য হিসেবে থাকবেন।

অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীদের অবসরকালীন সুবিধা প্রদান, চাকরিবহত কোন শিক্ষক অথবা কর্মচারী মৃত্যুবরণ করলে তার পরিবারকে অবসর সুবিধা প্রদান, অবসর সুবিধার সময়সীমা ও আনুষ্ঠানিক বিষয় নির্ধারণের দায়িত্ব পালন করবে এই বোর্ড।